



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

### বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, পরীক্ষা এবং শিক্ষা সংক্রান্ত কাজের জন্য যে সকল শিক্ষকগণের তথ্যাদি OTP তে অন্তর্ভুক্ত করা হয়েছে, তাঁদের নামের তালিকা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ওয়েবসাইটের জনবল মেন্যুতে দেয়া হয়েছে। সদ্য যোগদানকৃত শিক্ষকবৃন্দের তথ্য OTP তে অন্তর্ভুক্তি ও ইতোপূর্বে অন্তর্ভুক্ত শিক্ষকবৃন্দের তথ্য সংশোধন, সংযোজন, বিয়োজন এবং সংশ্লিষ্ট শিক্ষকের ই-মেইল, তথ্যাদি আগামি ১৫/১০/২০১৬ তারিখের মধ্যে এন্ট্রি করার জন্য অনুরোধ করা হ'ল।

উল্লেখ্য, ৮ম শ্রেণিতে যে শিক্ষক যে বিষয়/পত্র পাঠদান করেন, তিনি সে বিষয়/পত্র উল্লেখ করে তথ্যাদি OTP তে upload করবেন। তবে যারা কৃষি শিক্ষা, কম্পিউটার শিক্ষা/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি এবং শারীরিক শিক্ষা বিষয়ে নিয়োগপ্রাপ্ত এবং বর্তমানে সংশ্লিষ্ট পদে কর্মরত কেবলমাত্র তারাই ঐ তিনটি বিষয়ে OTP তে তথ্যাদি দিবেন এবং যারা সৃজনশীল মাস্টার ট্রেনার হিসাবে ঢাকায় প্রশিক্ষণ গ্রহণ করেছেন তারা OTP তে মাস্টার ট্রেনার হিসাবে এন্ট্রি করবেন।

প্রধান শিক্ষক OTP তে নির্ভুল তথ্য upload করার বিষয় নিশ্চিত করবেন। যে কোন ভুল তথ্যের জন্য প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট বিষয়ের শিক্ষক যৌথভাবে দায়ী থাকবেন।

### বিষয়টি অতীব জরুরী

বিঃ দ্রঃ শিক্ষকগণের তথ্য সংযোজন, সংশোধন বা বিয়োজন করার নিয়মাবলী :

www.jessoreboard.gov.bd তে Login করে OEMS বাটনে ক্লিক করে OEMS LOGIN page এ Login Type এর OTP সিলেক্ট করে অভিন্ন Techer Id ও Password দেয়ার পরে প্রতিষ্ঠান প্রধান বা সংশ্লিষ্ট শিক্ষক তার Personal Information, Educational Information ও Experience Update করার সুযোগ পাবেন।

যে সকল শিক্ষক অবসরপ্রাপ্ত বা মৃত্যুবরণ করেছেন তাদের তথ্যাদি সংশ্লিষ্ট বিদ্যালয়ের জনবল থেকে বিয়োজন করতে হবে। অন্যত্র যোগদান করে থাকলে পুরাতন কর্মস্থলের জনবল থেকে তথ্যাদি বিয়োজন করে নতুন কর্মস্থলে তথ্যাদি upload করতে হবে।

**\*\* সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি password এর গোপনীয়তা রক্ষা করবেন।**

২৮/১০/১৬

✓ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর।

ফোন : ০৪২১-০৬৮৬৬৬

মোবাইল : ০১৭৩৩-২২২০০৩

ই-মেইল: Controller@jessoreboard.gov.bd

স্মারক নং- পনি/মাধ্য/৬৩/৬২

তারিখ : ২৮-১০-২০১৬ খ্রি:

কার্যার্থে :

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।